অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/11/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চরম আবহাওয়ার মুখোমুখি হয়ে স্টেটের প্রস্তুতি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

চরম আবহাওয়া আগের চেয়েও বেশী বাড়ছে ও তীব্র হয়ে উঠছে— সাম্প্রতিক বছরগুলিতে তাপমাত্রা এবং তুষারপাতের কয়েক ডজন রেকর্ড ভেঙেছে, সেই সাথে অসংখ্য উল্লেখযোগ্য বৃষ্টিপাত এবং দাবানলের ঘটনাও ঘটেছে

গভর্নর ইউঅ্যালবানিতে উদ্ভাবনী স্টেটের আবহাওয়ার ঝুঁকি সংক্রান্ত যোগাযোগ কেন্দ্র চালু করেছেন; স্টেটের জরুরি ব্যবস্থাপনা কর্মী এবং প্রতিক্রিয়া সম্পর্কিত সম্পদের আঞ্চলিক উপস্থিতি সম্প্রসারণের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশী বিনিয়োগ করেছেন

সিটিজেন প্রিপেয়ার্ডনেস কর্পস-এর মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের নিজেদের প্রস্তুত রাখতে উৎসাহিত করা হয়েছে

নিউ ইয়র্কবাসীরা তাঁদের কাউন্টি অথবা বারোতে বাস্তব সময়ে ফোনে সরাসরি জরুরি পরিস্থিতি এবং আবহাওয়ার সতর্কতা সংক্রান্ত বার্তা পেতে 333111 নম্বরে টেক্সট করতে পারবেন

প্রতি বছর চরম আবহাওয়ার প্রকোপ এবং তীব্রতা বাড়তে থাকায় গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নিউ ইয়র্কবাসীদের স্টেটের প্রস্তুতি এবং প্রতিক্রিয়া জানানোর ক্ষমতা সম্পর্কে হালনাগাদ তথ্য প্রদান করেছেন। এই ক্রমশ বাড়তে থাকা বিপদের মুখে, এবং গুরুত্বপূর্ণ ফেডারেল তহবিলে কাটছাঁটের আশঙ্কার মুখে, গভর্নর Hochul (হোকল) সকল ধরণের চরম আবহাওয়ার জন্য প্রস্তুতি এবং প্রতিক্রিয়া জানাতে স্টেটের সক্ষমতায় বিনিয়োগ করাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছেন।

"নিউ ইয়র্ক স্টেট (New York State) চরম আবহাওয়ার সাথে আগে থেকেই পরিচিত, এবং নিউ ইয়র্কবাসীদের আমাদের পথে আসা বিভিন্ন ধরনের চরম আবহাওয়ার দুর্ঘটনাগুলির জন্য প্রস্তুত থাকতে হবে," **গভর্নর Hochul (হোকল) বলেছেন।** "আমাদের স্টেটকে নিরাপদ ও সুরক্ষিত রাখা আমার সর্বোচ্চ অগ্রাধিকার, এবং আমার প্রশাসন জরুরি আবহাওয়া বিষয়ক প্রস্তুতি নেওয়া নিশ্চিত করতে এবং চরম আবহাওয়ার বিপদগুলি বাড়তে থাকার সাথে সাথে প্রতিক্রিয়া ও পুনরুদ্ধারের কার্যক্রমের জন্য সর্বাত্মক পদ্ধতি নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।"

বিশেষ করে চরম আবহাওয়ার হুমকির ক্ষেত্রে, নিউ ইয়র্ক দেশের সব থেকে বৈচিত্র্যময় বিপদ সংক্রান্ত পরিবেশগুলির মধ্যে একটি। 2021 সালে অফিসে দায়িত্ব গ্রহণের পর থেকে, আবহাওয়া-সম্পর্কিত প্রাকৃতিক দুর্যোগের ফলে আটটি বড় দুর্যোগের ঘোষণা(Major Disaster Declarations), পাঁচটি জরুরি পরিস্থিতির (Emergency Declarations) ঘোষণা এবং একটি অগ্নি ব্যবস্থাপনা সম্পর্কিত সহায়তার অনুদানের (Fire Management Assistance Grant Declaration) ঘোষণা ফেডারেল সরকার কর্তৃক ঘোষণা করা হয়েছে, সেই সাথে গভর্নর Hochul (হোকল) কর্তৃক কমপক্ষে 19টি স্টেটের দুর্যোগ বিষয়ক জরুরি পরিস্থিতির (State Disaster Emergencies) ঘোষণা করা হয়েছে।

প্রাকৃতিক দুর্যোগের ধরনের মধ্যেও অনেক রকমভেদ দেখা গেছে। শুধুমাত্র 2024 এবং 2025 সালেই নিউ ইয়র্ক:

- 49টি উচ্চ তাপমাত্রার রেকর্ড ভেঙেছে
- 10টি নিম্ন তাপমাত্রার রেকর্ড ভেঙেছে
- 19টি তুষারপাতের রেকর্ড ভেঙেছে
- 38টি টর্নেডো অনুভব করেছে
- 20টি উল্লেখযোগ্য ঝোপঝাড়ে আগুন লাগা এবং দাবানলের সম্মুখীন হয়েছে, যার মধ্যে 30+ বছরের মধ্যে NYS-এ সব চেয়ে বড় দাবানলও রয়েছে
- কমপক্ষে 20টি উল্লেখযোগ্য বৃষ্টিপাতের ঘটনা দেখেছে; এবং
- দুটি গ্রীষ্মমন্ডলীয় আবহাওয়ার ব্যবস্থা (বেরিল এবং ডেবি) থেকে প্রভাবের অভিজ্ঞতা লাভ করেছে

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেছেন, "চরম আবহাওয়ার দুর্ঘটনাগুলি এখন স্বাভাবিক, তাই প্রস্তুত থাকাই আমাদের সর্বোত্তম প্রতিরক্ষা। আমরা ভাগ্যবান যে আমাদের এমন একজন গভর্নর আছেন যিনি কেবল এটি বোঝেনই না, বরং সক্রিয়ভাবে এটি সম্পর্কে কিছু করেন। প্রশিক্ষণ, সরঞ্জাম, পরিকল্পনা এবং কর্মী নিয়োগে গভর্নর Hochul (হোকল)-এর উল্লেখযোগ্য বিনিয়োগগুলি আমাদের স্থানীয় অংশীদারদের এবং সকল নিউ ইয়র্কবাসীদেরকে চরম আবহাওয়ার জরুরি অবস্থার সময় সহায়তা করার জন্য প্রস্তুত করেছে।"

নিউ ইয়র্ক স্টেটের ওয়েদার রিস্ক কমিউনিকেশন সেন্টারের (Weather Risk Communication Center) পরিচালক Nick Bassill (নিক বাসিল) বলেছেন, "আবহাওয়া বিশেষজ্ঞ, জরুরি ব্যবস্থাপক এবং জনসাধারণের মধ্যে একটি শক্তিশালী সংযোগ গড়ে তোলার ক্ষেত্রে নিউ ইয়র্ক দেশকে নেতৃত্ব দিচ্ছে - যা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ আমাদের স্টেট ক্রমবর্ধমান ঘন ঘন এবং চরম আবহাওয়ার দুর্ঘটনার মুখোমুখি হচ্ছে। হারিকেন থেকে শুরু করে লেক এফেক্ট তুষারপাত এবং এর মধ্যে যা কিছু ঘটে, ইউঅ্যালবানির (UAlbany) স্টেট ওয়েদার রিস্ক কমিউনিকেশন সেন্টার প্রতিদিন কাজ করে যাচ্ছে স্টেট এবং স্থানীয় জরুরি ব্যবস্থাপকদের চরম আবহাওয়ার দুর্ঘটনার জন্য আরও ভালভাবে প্রস্তুত হতে এবং তাতে প্রতিক্রিয়া জানাতে সাহায্য করার জন্য। আমি গভর্নর Hochul (হোকল) এবং কমিশনার Bray (ব্রে)-কে তাঁদের

অব্যাহত সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই এবং আমাদের সম্প্রদায়গুলিকে আরও নিরাপদ এবং আরও স্থিতিস্থাপক করে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ থাকব।"

সহনশীলতা গড়ে তোলার সময়ে প্রস্তুতি এবং প্রতিক্রিয়া জানানোকে জোরদার করে তোলা

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক কেবল প্রস্তুতি এবং প্রতিক্রিয়ার ক্ষমতাই নয়, বরং আরও স্থিতিশীল স্টেট গঠনেও ব্যাপক বিনিয়োগ করেছে। সেই প্রচেষ্টাগুলির কিছুর মধ্যে আছে:

- 2023 সালের ডিসেম্বর মাসে, গভর্নর Hochul (হোকল) অ্যালবানির নিউ ইয়র্কের স্টেট ইউনিভার্সিটিতে (State University of New York) নিউ ইয়র্ক স্টেটের আবহাওয়ার ঝুঁকি সংক্রান্ত যোগাযোগের কেন্দ্র (State Weather Risk Communication Center, SWRCC) তৈরি করার কথা ঘোষণা করেছেন। কেন্দ্রটি ইউনিভার্সিটির গবেষক এবং স্টেটের জরুরি ব্যবস্থাপকদের মধ্যে একটি এ ধরনের প্রথম অপারেশনাল সহযোগিতা এবং এটি অতি গুরুত্বপূর্ণ আবহাওয়া তথ্যের ক্লিয়ারিং হাউজ হিসেবে কাজ করে। এছাড়াও সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখতে এবং জনগণকে চরম আবহাওয়ার ঝুঁকি সম্পর্কে জানানোর ব্যবস্থা কীভাবে উন্নত করা যায় সেই নিরীক্ষায় সাহায্য করতে জরুরি ব্যবস্থাপকদের অবগত সিদ্ধান্ত গ্রহণে সাহায্যের জন্য ব্যবস্থা গঠন করতেও এটি কাজ করে।
- কাউন্টি অংশীদারদের জেনারেটর, উচ্চ প্রবাহের পাম্প এবং বন্যা প্রতিরোধী প্রযুক্তি সরবরাহের জন্য ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসকে সক্রিয় করতে গভর্নর Hochul (হোকল) FY25-এর প্রণীত বাজেটে 15 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছেন।
- গভর্নর Hochul (হোকল) FY25-এর প্রণীত বাজেটে স্টেটের জরুরি ব্যবস্থাপনা কর্মীদের আঞ্চলিক উপস্থিতিকে আরও জোরদার করার জন্য অতিরিক্ত 10.4 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছেন, যা স্থল সহায়তা, পরিকল্পনা, প্রশিক্ষণ, অনুশীলনের পরিমাণ এবং প্রাপ্যতা বাড়াবে, একই সাথে আমাদের বিশ্লেষণাত্মক এবং ভূস্থানিক ক্ষমতাগুলিকে তৈরি করবে
- গভর্নর Hochul (হোকল) গত দুই বছরে নিউ ইয়র্ক হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) দ্বারা পরিচালিত একটি উদ্যোগ, Resilient & Ready চালু করার জন্য মোট 90 মিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করেছেন, যার মধ্যে এমন দুটি প্রোগ্রাম রয়েছে যা নিম্ন ও মাঝারি আয়ের বাড়ির মালিকদের জন্য স্থিতিস্থাপকতা এবং বাড়ির মেরামতের প্রচেষ্টাকে সমর্থন করে। Resilient Retrofits প্রোগ্রাম যোগ্য বাড়ির মালিকদের সক্রিয় বন্যা প্রশমন এবং স্থিতিস্থাপকতার উন্নতির জন্য সহায়তা প্রদান করে। Rapid Response প্রোগ্রামটি সেই গৃহস্থলিগুলিকে প্রয়োজনীয় মেরামতগুলি করতে সহায়তা করে যারা কিছু বড় ঝড়ের পরে বাড়ির ক্ষয়ক্ষতির অনুভব করেছে।
- 2024 সালের জানুয়ারি মাসে, গভর্নর মানুষ, সম্প্রদায়, পরিকাঠামো এবং ঘরবাড়িগুলিকে রক্ষা করার জন্য একটি ব্যাপক স্থিতিস্থাপক সংক্রান্ত পরিকল্পনার ঘোষণা করেছেন।

- রোমে (Rome) ভয়াবহ টর্নেডোর পর, গভর্নর Hochul (হোকল) Emergency Assistance-এ 11 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেন, যার মধ্যে রয়েছে বাড়ির মালিকদের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার এবং ওনেইডা কাউন্টিতে (Oneida County) ধ্বংসের কাজের জন্য 4 মিলিয়ন মার্কিন ডলার, কারণ দুর্ঘটনাটি ফেডারেল সহায়তা পাওয়ার জন্য জন্য যোগ্যতা লাভ করেনি। 2025 সালের মে মাসে আরেকটি প্রকল্প টর্নেডোতে ধ্বংস হওয়া দুটি ভবনের পুনর্বাসনের জন্য 3.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে।

স্টেটের প্রস্তুতি, প্রতিক্রিয়া এবং পুনরুদ্ধার সংক্রান্ত কার্যক্রম

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের অফিস অফ ইমারজেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management, OEM) হল নিউ ইয়র্কের প্রাকৃতিক এবং মানবসৃষ্ট সকল জরুরি পরিস্থিতির জন্য জরুরি প্রস্তুতি এবং প্রতিক্রিয়া সংক্রান্ত কার্যক্রমের প্রাথমিক ব্যবস্থা। জরুরি পরিস্থিতির সময়, OEM কেবল স্থানীয় জরুরি প্রতিক্রিয়াকারীদের সাথে সমন্বয় করে স্থানীয় কার্যক্রমের পরিচালনাই করে না বরং হাজার হাজার স্টেট কর্মী এবং অসংখ্য স্টেটের এজেন্সিগুলি থেকে সরঞ্জাম মোতায়েনের সমন্বয় সাধনেও সহায়তা করে।

OEM-এ স্টেট ওয়াচ সেন্টারও (State Watch Center) রয়েছে যেখানে স্টেট জুড়ে বিপজ্জনক কার্যকলাপ পর্যবেক্ষণ এবং স্টেটের নেতাদের জন্য পরিস্থিতিগত সচেতনতা নিশ্চিত করার জন্য 24/7/365 কর্মী নিয়োজিত থাকে। এছাড়াও, OEM স্টেট জুড়ে অবস্থিত নয়টি মজুদ সংরক্ষণ করে যা প্রয়োজন অনুসারে জরুরি প্রতিক্রিয়ার সম্পদ এবং জিনিসপত্র সরবরাহ করতে সক্ষম হয়।

জরুরি ব্যবস্থাপনার পাশাপাশি, সব শাখার প্রথম প্রতিক্রিয়াকারীদের প্রশিক্ষণ দেওয়া বিভাগের একটি মূল লক্ষ্য। অনলাইনে হোক বা সরাসরি, 54,000-এরও বেশীশি অগ্নিনির্বাপক কর্মী, জরুরি ব্যবস্থাপক, কর্মকর্তা এবং অন্যান্য প্রাথমিক প্রতিক্রিয়াকারীরা বিভাগ থেকে কোনো না কোনো প্রশিক্ষণ পেয়েছেন, যার মধ্যে রয়েছে মন্টুর ফলসে (Montour Falls) অবস্থিত স্টেটের একাডেমি অফ ফায়ার সায়েন্সে (Academy of Fire Science) প্রশিক্ষণপ্রাপ্ত 4,778 জন শিক্ষার্থী। আলাদাভাবে, প্রায় 10,000জন স্টেট এবং স্থানীয় প্রথম প্রতিক্রিয়াকারীরা ওরিস্কানির (Oriskany) স্টেটের প্রস্তুতি প্রশিক্ষণ কেন্দ্রে (State Preparedness Training Center) প্রশিক্ষণ পেয়েছেন - যা দেশের অন্যতম প্রধান প্রথম প্রতিক্রিয়াকারী প্রশিক্ষণের ফেসিলিটি।

এই এছাড়াও বিভাগটি দুর্যোগ পুনরুদ্ধার সংক্রান্ত প্রোগ্রামসমূহের অফিসের (Office of Disaster Recovery Programs) আবাসস্থল, যা ফেডারেল দুর্যোগের ঘোষণাপত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং এর ফলে সম্প্রদায়গুলিতে প্রবাহিত ফেডারেল পুনরুদ্ধারের অর্থ পরিচালনা করার জন্য দায়ী। 2021 সাল থেকে, বিভাগটি ফেডারেল Public Assistance রিকভারি ফান্ডিংয়ে মোট 12.36 বিলিয়ন মার্কিন ডলার এবং Hazard Mitigation Assistance ফান্ডিংয়ে 410.6 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

স্বতন্ত্র প্রস্তুতি

যেকোনো জরুরি পরিস্থিতিতে, ব্যক্তিগত প্রস্তুতি কার্যকর প্রতিক্রিয়ার সব চেয়ে গুরুত্বপূর্ণ উপাদানগুলির মধ্যে একটি এবং স্টেট নিউ ইয়র্কবাসীদের কেবল প্রস্তুত থাকার জন্যই নয়, বরং অবগত থাকার জন্যও বিভিন্ন উপায় প্রদান করে।

ডিভিশন এবং নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard, NYNG) দ্বারা পরিচালিত নিউ ইয়র্ক স্টেট সিটিজেন প্রিপারেডনেস কর্পস (Citizen Preparedness Corps, CPC) 2014 সালে প্রতিষ্ঠিত হয়েছিল জরুরি পরিস্থিতি এবং বিপর্যয়ের সময়ে কিভাবে প্রস্তুতি নিতে হবে তা জানার জন্য, কিভাবে অবিলম্বে দুর্যোগ ঘটার আগের অবস্থায় প্রতিক্রিয়া জানানো হয় তা জানতে ও যত তাড়াতাড়ি সম্ভব সেগুলি থেকে পুনরুদ্ধার পাওয়া সম্পর্কে জানার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রশিক্ষণ দিতে। পুরো স্টেটে প্রায় 433,000জন নিউ ইয়র্কবাসী কমিউনিটি সেটিংয়ে CPC প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

CPC প্রশিক্ষণগুলি বিনামূল্যের এবং স্টেট জুড়ে সামনা সামনি আয়োজিত হয়। নিউ ইয়র্কবাসীরা DHSES ওয়েবসাইটে অনলাইনে নথিভুক্ত হতে পারেন এবং একটি স্থানীয় প্রশিক্ষণ খুঁজে পেতে পারেন। যারা সশরীরে উপস্থিত হতে পারবেন না তাদের জন্য, কোর্সগুলি ইংরেজিতে এবং আরবি, বাংলা, চীনা, ইংরেজি, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, ইতালীয়, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান, স্প্যানিশ, উর্দু এবং ইদ্দিশ সহ 12টি অতিরিক্ত ভাষায় সাবটাইটেল সহ অনলাইনে উপলব্ধ।

এছাড়াও, স্টেটের হারিকেন সংক্রান্ত প্রস্তুতি সপ্তাহের (Hurricane Preparedness Week) স্বীকৃতির প্রচেষ্টাগুলির অংশ হিসেবে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) একটি নতুন রিয়েল-টাইম জরুরি পরিস্থিতি এবং আবহাওয়া সংক্রান্ত সতর্কতার ব্যবস্থা চালু করার ঘোষণা করেছেন। ডিভিশন দ্বারা পরিচালিত, এই টেক্সটের বিকল্পটি নিউ ইয়র্কবাসীদের তাঁদের কাউন্টি বা বারোর নাম 333111 নম্বরে টেক্সট করার সুযোগ দেয় যাতে তাঁরা তাঁদের ফোনে সরাসরি রিয়েল টাইম জরুরি পরিস্থিতি এবং আবহাওয়ার সতর্কতা ও আপডেটগুলি পেতে পারেন। নিউ ইয়র্কবাসীদের তাঁদের স্থানীয় পূর্বাভাস অনুসরণ করতে এবং DHSES ফেসবুক পেজ, X-এ @NYSDHSES-কে ফলো করা উচিত অথবা গুরুত্বপূর্ণ নিরাপত্তা বিষয়ক তথ্যের জন্য dhses.ny.gov ওয়েবসাইটে যেতে হবে।

এই গ্রীষ্মকালে আবারও তাপের প্রবাহ এবং অন্যান্য চরম তাপ সংক্রান্ত দুর্ঘটনা ঘটতে পারে এবং নিউ ইয়র্ক স্টেটের এজেন্সিগুলি নিউ ইয়র্কবাসীদের তাপের নেতিবাচক স্বাস্থ্য এবং পরিবেশগত প্রভাবগুলির জন্য প্রস্তুত করতে সহায়তা করার জন্য স্টেটের প্রচন্ড গরম সংক্রান্ত অ্যাকশনের পরিকল্পনা (Extreme Heat Action Plan) দ্বারা সুপারিশকৃত উদ্যোগগুলি বাস্তবায়নের জন্য কাজ করছে। জুন মাসে, নিউ ইয়র্ক স্টেট Extreme Heat Action Plan (EHAP) বাস্তবায়নের প্রথম বছরে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে, যার প্রথম প্রস্তুতির আপডেট এখন উপলব্ধ। গভর্নর Hochul (হোকল)-এর নির্দেশে DHSES এবং DOH সহ DEC এবং NYSERDA-এর নেতৃত্বে EHAP-এ চারটি ট্র্যাক (স্থানীয় পরিকল্পনা এবং সক্ষমতা বৃদ্ধি, সম্প্রদায়ের প্রস্তুতি এবং কর্মীদের নিরাপত্তা, স্থিতিস্থাপক ভবন এবং শীতলীকরণের অ্যাক্সেস, এবং বাস্তুতন্ত্র-ভিত্তিক অভিযোজনকে এগিয়ে নিয়ে যাওয়া) জুড়ে চরম তাপের প্রভাবগুলির সাথে মোকাবেলায় স্টেটের এজেন্সিগুলির প্রায় 50টি পদক্ষেপ অন্তর্ভুক্ত রয়েছে। বাস্তবায়নের অগ্রগতির সম্পূর্ণ আপডেট এখানে পাওয়া যাবে।

স্টেটের পরিবেশমূলক সংরক্ষণের বিভাগ (Department of Environmental Conservation, DEC) স্টেট জুড়ে বায়ুর গুণমানের পরিস্থিতির উপর নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে এবং প্রতি বছর লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসী যে সময়োপযোগী জনস্বাস্থ্য সংক্রান্ত পরামর্শের উপর নির্ভর করে তা জারি করার জন্য স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) সাথে কাজ করে। আপডেট হওয়া পূর্বাভাস এবং বাতাসের গুণমানের ইনডেক্সের মাত্রা সম্পর্কে তথ্য পেতে DEC-এর ওয়েবসাইটে ভিজিট করুন, এবং বাতাসের গুণমান সম্পর্কিত স্বাস্থ্য ঝুঁকি ও সতর্কতা সম্পর্কে তথ্যের জন্য স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন